

দ্বিতীয় ত্বরিত হোসেন মালিক দ্বাৰা
ইত্তেফাক

কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে প্রতি আসনে লড়বে ৩৩ জন

প্রকাশ : ০২ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত

ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আগামী ১৭ নভেম্বর থেকে শুরু হবে। এবার ১ হাজার ৬০টি আসনের বিপরীতে মোট ৩৪ হাজার ৮২২টি আবেদন জমা পড়েছে। প্রতিটি আসনের বিপরীতে ৩৩ জন শিক্ষার্থী ভর্তিযুক্ত অংশ নিবে। এ বছর ভর্তি পরীক্ষা নতুন নিয়মে অনুষ্ঠিত হবে। এতদিন শুধু এমসিকিউয়ের মাধ্যমে পরীক্ষা নেওয়া হতো। কিন্তু এবারই প্রথমবারের মতো এমসিকিউয়ের পাশাপাশি থাকবে লিখিত পরীক্ষাও।

ভর্তি পরীক্ষায় ওয়েবসাইট, এসএমএস ও প্রশ্নপত্র উপকরণের সভাপতি সহযোগী অধ্যাপক মো. সুজন আলী জানান, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় পাঁচটি ইউনিটের আওতায় ২৩টি বিভাগে ১ হাজার ৬০টি আসনের বিপরীতে আবেদন জমা পড়েছে ৩৪ হাজার ৮২২টি। প্রতি আসনের বিপরীতে ভর্তিযুক্ত অংশ নিবে ৩৩ জন শিক্ষার্থী। গত ১ অক্টোবর থেকে ভর্তি আবেদন প্রক্রিয়া শুরু হয়ে শেষ হয় ৩১ অক্টোবর রাত ১২টায়।

পাঁচটি ইউনিটের মধ্যে ১৭ নভেম্বর ‘এ’ ইউনিট, ১৮ নভেম্বর ‘বি’ ইউনিট, ১৯ নভেম্বর ‘সি’ ইউনিট, ২০ নভেম্বর ‘ডি’ ইউনিট এবং ২১ নভেম্বর ‘ই’ ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার অন্যান্য তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.jkkniu.edu.bd)- এ পাওয়া যাবে।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস,
কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।